দৈনিক বাংলা

001

তারিখ ২৩।২।৮১ পৃষ্ঠা ১ কলাম ১

# স্বল্প সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করা হবে

ঠাকুরগাঁও (দিনাজপুর), ২২শে ফেব্রুয়ারী (বাসস)।—প্রেসিডেন্ট জিয়াউর রহমান গতকাল এখানে পুনরায় বলেছেন যে তার সরকার

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## দূর করা হবে

(প্রথম পৃঃ পর)

সম্ভব স্বল্প সময়ে দেশ থেকে নিরক্ষরতা মোচনে বদ্ধপরিকর।

তিনি বলেন, নিরক্ষরতা জাতীয় অগ্রগতির পক্ষে সবচেয়ে বড় বাধা।

প্রেসিডেন্ট গণশিক্ষা কার্যক্রমের এক বছর পূর্তি উপলক্ষে আয়োজিত জাতীয় সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। প্রেসিডেন্ট জিয়া গত বছরের এই স্মরণীয় দিনে ফরিদপুরের একটি গ্রামে গণশিক্ষা কর্মসূচীর উদ্বোধন করেছিলেন।

তিনি বলেন যে কর্মসূচীর প্রথম বছরে বেশ কয়েক লক্ষ লোক লিখতে-পড়তে শিখেছেন।

প্রেসিডেন্ট জিয়া উল্লেখ করেন যে সমাজের শিক্ষিত শ্রেণীর সক্রিয় সহযোগিতার ফলেই এই সফলতা অর্জন করা সম্ভব হয়েছে।

সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান, উপ-প্রধানমন্ত্রী জনাব এস এ বারী এটি, শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন ও বিএনপি নেতা প্রফেসর ইউসুফ আলী।

শিক্ষিত সমাজকে শান্তিপূর্ণ বিপ্লবের দ্বিতীয় পর্যায়ে নিরক্ষরতা দূরীকরণ অভিযানের অগ্রসৈনিক হিসেবে উল্লেখ করে প্রেসিডেন্ট তাদের প্রতি গ্রামে ছড়িয়ে পড়ে স্বেচ্ছাভিত্তিতে আরও গণশিক্ষা কেন্দ্র স্থাপনের আহবান জানান।

তিনি বলেন, গণশিক্ষা কর্মসূচীর প্রথম বছরের সাফল্যে উদ্বুদ্ধ হয়ে তাঁদের আরও ব্যাপক ভিত্তিতে এগিয়ে আসা উচিত।

প্রেসিডেন্ট জিয়া বলেন, নিরক্ষরতা দূরীকরণ স্বনির্ভর গ্রাম সরকারেরও একটি প্রাথমিক ও সর্বাধিক গুরুত্বপূর্ণ কর্তব্য।

তিনি বলেন, জাতির প্রার্থিত লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশী জাতীয়তাবাদী আদর্শে উদ্বুদ্ধ জনগণ শান্তিপূর্ণ বিপ্লব সম্পন্ন করছেন। তিনি বলেন, এই বিপ্লব থেকে জনগণই লাভবান হবেন।

পরে প্রেসিডেন্ট জিয়া নিরক্ষরতা দূরীকরণ কাজে অবদান রাখার ও তার স্বীকৃতি হিসেবে প্রতি জেলা থেকে ১০ জন করে মোট ২০০ ব্যক্তিকে পুরস্কৃত করেন।